# Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 05 July, 2025

বলিউডে দীর্ঘ তিন দশকেরও বেশি সময় ধরে রাজত্ব করছেন সালমান খান। একের পর এক রোম্যান্টিক চরিত্রে দর্শকের মন জিতলেও এখনও পর্যন্ত তার কোনো সিনেমায় নায়িকার ঠোঁটে ঠোঁট ছোঁয়ানোর দৃশ্য দেখা যায়নি। নিজের ক্যারিয়ারে 'নো কিসিং পলিসি' সালমান স্বেচ্ছায় মেনে চলছেন।

বলিউডে গুঞ্জন, সালমান যেকোনো নবাগত তারকা তৈরি করার ক্ষমতা রাখেন। ক্যাটরিনা কাইফের ক্যারিয়ার তার উদাহরণ। ব্যক্তিগত জীবনেও সালমানের বেশ চর্চা রয়েছে; সংগীত বিজলানি, ঐশ্বরিয়া রাই বচ্চন থেকে ক্যাটরিনা কাইফ পর্যন্ত ছয়টি সম্পর্কের কথা তিনি স্বীকার করেছেন।তবে এখনও পর্যন্ত বিয়ের পিঁড়িতে বসেননি, তাই প্রায় ৬০ বছরের বয়সেও তিনি বলিউডের অন্যতম প্রিয় অবিবাহিত পুরুষ।

পর্দায় নায়িকার ঠোঁটে ঠোঁট ছোঁয়াতে না চাওয়ার কারণ জানতে চাইলে ভাই আরবাজ খান এক কমেডি শো-তে বলেন, "আসলে ক্যামেরার পেছনে এত চুমু খান, তাই পর্দায় খান না।" এই কথা শুনে সালমান খান খানিক লজ্জিত হন।

এভাবেই ভাইজান তিন দশক ধরে নিজের এক অনন্য অবস্থান ধরে রেখেছেন বলিউডে, যেখানে তিনি প্রেমিক চরিত্রে থাকলেও 'নো কিসিং পলিসি' মেনে চলছেন।

সালমান খান বলিউড

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 05:28

URL: https://timestodaybd.com/entertainment/7758074246